আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে মাদক সহ দুইজন গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১’শত গ্রাম গাঁজা ও ২ পিচ ইয়াবা ট্যাবলেট সহ আটক হয়েছে দুইজন।

গতকাল আলমডাঙ্গা থানার ওসমানপুর পুলিশ ফাড়িঁ আইসি এসআই সেকেন্দার আবু জাফর সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার হারদি শেখপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানে হারদি শেখপাড়ার মৃত হাসেম খাঁর ছেলে মিজার খাঁ
(৪৬) ও একই গ্রামের মৃত আলাউদ্দিনের ছেলে আলফাজ মিয়া (২০) কে ১’শত গ্রাম গাঁজা ও ২ পিচ ইয়াবা ট্যাবলেট সহ আটক করে। আটক দুইজনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানার মামলা রজু করা হয়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, আসামি দুইজন কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রজু করে এবং তাদের আদালতে সোপর্দ করা হয়েছে। এরকম মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

আলমডাঙ্গায় বিশেষ অভিযানে মাদকসহ গ্রেফতার ৩

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী বিশেষ অভিযানে মাদকসহ গ্রেফতার হয়েছে ৩ জন।

আলমডাঙ্গা থানা পুলিশ ও পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশ পৃথক অভিযান চালিয়ে ১৮ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও একটি পালসার মোটরসাইকেলসহ তিন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

গত শুক্রবার দিনগত রাতে ১টার সময় পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশ কান্তপুর ব্রীজমোড় থেকে ও আলমডাঙ্গা থানা পুলিশ ষ্টেশনপাড়াস্থ

খাদ্য গোডাউনের সামনে থেকে তাদেরকে গ্রেফতার করে।

জানা গেছে, উপজেলার কৃষ্ণপুর গ্রামের মৃত আব্দুল আজিজের ছেলে সাইদুল ইসলাম(৩৩) দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছিল। সে এলাকাসহ আশপাশ গ্রামে মোটরসাইকেল যোগে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয় করে বেড়ায়। গত শুক্রবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে পাঁচকমলাপুর ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই আহম্মদ আলী সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে কান্তপুর ব্রীজ মোড়ে অভিযান চালিয়ে সাইদুলকে তার মোটরসাইকেলসহ গ্রেফতার করে। তার নিকট থেকে ৫ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

একই রাতে আলমডাঙ্গা থানার এসআই ওয়াহিদুল ইসলাম সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ষ্টেশনপাড়াস্থ খাদ্য গোডাউনের সামনে থেকে সনাতনপুর গ্রামের বাবলু মন্ডলের ছেলে সোহেল রানা রাব্বি(২০), বর্তমানে আলমডাঙ্গা মাদ্রাসাপাড়ার আক্কাচ আলীর বাড়ির ভাড়াটিয়া ও আলমডাঙ্গা শহরের রথতলাপাড়ার সোলাইমান হোসেনের ছেলে নাহিদ হাসান(২১) কে গ্রেফতার করে। তাদের নিকট থেকে উদ্ধার করে ১৩ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট। তারা শহরের বিভিন্ন মহল্লায় ট্যাপেন্টাডল বিক্রয় করে বেড়ায় বলে জানা গেছে।

তাদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় পৃথক মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় ইয়াবাসহ যুবক গ্রেফতার

আলমডাঙ্গায় পুলিশের মাদক বিরোধী অভিযানে ইয়াবাসহ এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশ এক মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৮ পিচ ইয়াবা ট্যাবলেটসহ সাকিব আল হাসান (২০) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে। গতকাল শুক্রবার বিকেল পৌনে ৫ টার দিকে শ্যামপুর গ্রামে অভিযান চালিয়ে পুলিশ যুবককে গ্রেপ্তার ও ইয়াবা উদ্ধার করে।

গ্রেপ্তারকৃত সাকিব আল হাসান আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর গ্রামের রইচ উদ্দিনের ছেলে।

পুলিশ জানিয়েছে, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলামের সার্বিক দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় শুক্রবার বিকেলে আলমডাঙ্গা থানার এসআই(নিঃ) মোঃ বাবলু খাঁন, সংগীয় অফিসার ফোর্সসহ শ্যামপুর গ্রামের কুলু মিয়ার বসত বাড়ীর সামনে পাঁকা রাস্তার উপর থেকে সাকিব আল হাসানকে গ্রেপ্তার করে। এসময় তার কাছ থেকে ২৮ পিচ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে পুলিশ।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গা মোটরসাইকেল চেকিং কালে দেশীয় অস্ত্রসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় নিয়মিত মোটরসাইকেল চেকিংকালে দেশীয় অস্ত্রসহ দুইজনকে গ্রেফতার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে শহরের লাল ব্রিজ এলাকায় থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার বিরামপুর গ্রামের আরজুল হকের ছেলে ফরজ আলি(৪০), একই উপজেলার কুর্শা গ্রামের তানিস আলীর ছেলে রাজন আলি(২২)।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট হাসানুল বান্না জানান, আলমডাঙ্গা শহরে নিয়মিত মোটরসাইকেল চেকিংয়ের দায়িত্ব পালনকালে বৃহস্পতিবার সকাল থেকে লাল ব্রিজ এলাকার পশুহাট যাত্রী ছাউনির সামনে অবস্থান করা হয়।

এসময় চুয়াডাঙ্গা দিক থেকে আসা একটি ওয়ান টেস্ট টিভিএস স্ট্রাইকার

মোটরসাইকেলকে থামিয়ে ট্রাফিক পুলিশের কনস্টেবল বিল্লাল হোসেন চেকিং শুরু করেন।

চেকিংয়ের সময় তাদের কথাবার্তায় সন্দেহ হলে দেহ তল্লাশি করে পকেট থেকে একটি কাটা ও দড়ি বাঁধা একটি প্রিমিয়াম গিয়ার উদ্ধার করা হয়। পরবর্তীতে মোটরসাইকেলের সিট খুলে একটি চাপাতি ও একটি স্টিলের রড উদ্ধার করা হয়।

ঘটনার খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক হোসেন আলী ও এসআই ওয়াহিদ ঘটনাস্থলে উপস্থিত হয়ে দেশীয় অস্ত্রসহ দুইজনকে গ্রেফতার করে থানায় নিয়ে যান।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরাঈল জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় ১০ পিস ইয়াবাসহ দুই যুবক গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে দুইজন মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

রবিবার বেলা সাড়ে ১১টার দিকে গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়। গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার চারুলিয়া (খাঁ পাড়া) গ্রামের মতেহারের ছেলে ইমরান শেখ (৩০) এবং একই গ্রামের মৃত জামাল উদ্দিন শেখের ছেলে সবুজ শেখ (৩০)।

পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিনের দিকনির্দেশনায় গত শনিবার দিবাগত রাত ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার ভগিরাথপুর এলাকার আমিরুলের রাইচ মিলের সামনে পাকা রাস্তার ওপর অভিযান চালানো হয়। এ সময় অবৈধ মাদকদ্রব্য ১০ পিস ইয়াবাসহ ওই দুই যুবককে গ্রেফতার করে

পুলিশ।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। রবিবার তাদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

দামুড়হুদা মডেল থানা পুলিশ জানায়, মাদক নির্মূলে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন বলেন, “ইয়াবাসহ দুইজনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।”

দর্শনায় ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন চন্ডিপুর গ্রাম থেকে আওয়ামী লীগ নেতা আবু সিদ্দিক (৬৫)-কে গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল শুক্রবার ভোর ৪টার দিকে তাকে গ্রেপ্তার করে দর্শনা থানা পুলিশ। গ্রেফতারকৃত আবু সিদ্দিক উপজেলার চন্ডিপুর পূর্বপাড়া গ্রামের মৃত তরিবত মন্ডলের ছেলে এবং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

পুলিশ সূত্রে জানা যায়, আজ শুক্রবার ভোরের দিকে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসানের নেতৃত্বে পুলিশের একটি বিশেষ টিম উপজেলার চন্ডিপুর গ্রামে অভিযান চালিয়ে আওয়ামী লীগ নেতা আবু সিদ্দিক-কে গ্রেপ্তার করে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, গ্রেফতারকৃত আবু সিদ্দিকের বিরুদ্ধে দর্শনা থানায় নাশকতা মামলা হয়েছে। তাকে দুপুরে চুয়াডাঙ্গা আদালতে প্রেরণ করা হয়েছে বলেও তিনি জানান।

দামুড়হুদায় ছাগল চুরির অভিযোগে দুই জন গ্রেফতার

দামুড়হুদায় ছাগল চুরির অভিযোগে শ্রী সজীব অধিকারী (২৫) ও সবুজ মিয়া (২৬) নামের দুই জনকে গ্রেফতার করেছে পুলিশ। আজ মঙ্গলবার ভোর ৫টা পর্যন্ত অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার আরামডাঙ্গা এলাকায় ছাগল চুরির অভিযোগে জনতার হাতে আটক হওয়ার পর পুলিশের অভিযানে দুইজন চোরকে গ্রেফতার করা হয়। গতকাল সোমবার বেলা ১১টার দিকে আরামডাঙ্গা এলাকায় একটি ছাগলসহ জনতার হাতে ধরা পড়ে শ্রী সজীব অধিকারী। পরে উপস্থিত জনতা তাকে উত্তম মাধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দেয়।

সজিব অধিকারী জিজ্ঞাসাবাদে সে ছাগল চুরির বিষয়টি অকপটে স্বীকার করে এবং তার সহযোগীর নাম প্রকাশ করে।তার দেওয়া তথ্যের ভিত্তিতেই গতকাল মঙ্গলবার ভোর ৫টার দিকে আরামডাঙ্গা পূর্বপাড়া থেকে সবুজ মিয়া নামের আরও একজনকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেপ্তারকৃত শ্রী সজীব অধিকারী ঝিনাইদহ জেলার কালিগঞ্জ থানার অন্তর্গত পাঁচকাহনীয়া গ্রামের নির্মল অধিকারীর ছেলে, বর্তমানে সে কার্পাসডাঙ্গা ভূমিহীন পাড়ায় বসবাস করে। তার বিরুদ্ধে এর আগে ৭টি চুরি মামলা রয়েছে বলে পুলিশ জানিয়েছে। অপর গ্রেপ্তারকৃত সবুজ মিয়া উপজেলার আরামডাঙ্গা পূর্বপাড়ার কাওসার আলীর ছেলে। তার বিরুদ্ধেও পূর্বে চুরি মামলা রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, গ্রেপ্তারকৃত দুইজনের বিরুদ্ধে চুরি মামলা দায়ের করা হয়েছে এবং গতকালই তাদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় নাশকতা মামলার আসামি আওয়ামী লীগ নেতা গ্রেফতার

আলমডাঙ্গায় পুলিশের বিশেষ অভিযানে নাশকতা মামলার আসামি আওয়ামী লীগের নেতা গ্রেফতার হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযানে নাশকতা মামলায় বাড়াদি ইউনিয়নের ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাকিল (৫২) কে গ্রেফতার করেছে।

গত বৃহস্পতিবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশের একটি বিশেষ দল অভিযান চালিয়ে তাকে তার নিজ গ্রাম বাড়াদি থেকে তাকে গ্রেপ্তার করে। গ্রেফতারকৃত আসামি শাকিল আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের সৌরভের ছেলে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অপরাধ দমনের লক্ষ্যে চলমান বিশেষ অভিযানের অংশ হিসেবেই এই গ্রেপ্তার কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

গ্রেপ্তারকৃত আসামির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ শেষে গতকাল তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

আলমডাঙ্গায় পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪০ (চল্লিশ) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও মাদক বিক্রয়ের নগদ টাকা উদ্ধারসহ এক

মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত ব্যক্তি আলমডাঙ্গা রেলস্টেশনপাড়ার বাসিন্দা রুবেল হোসেন (৩২)। তিনি আলমডাঙ্গা থানার ১০ মামলার আসামি বলে জানিয়েছে পুলিশ।

আলমডাঙ্গা থানা পুলিশের এসআই (নিঃ) আলমগীর হোসেন সঙ্গীয় ফোর্সসহ থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের ভিত্তিতে বুধবার (৩১ ডিসেম্বর) রাত ৯টা ৩০ মিনিটে আলমডাঙ্গা স্টেশনপাড়াস্থ গণশৌচাগারের পশ্চিম পাশে পাকা রাস্তার ওপর থেকে রুবেল হোসেনকে গ্রেফতার করা হয়।

জানা গেছে, গ্রেফতারকৃত রুবেল হোসেন আলমডাঙ্গা স্টেশনপাড়ার বাসিন্দা রেজাউল ইসলামের ছেলে। তিনি দীর্ঘদিন ধরে মাদক ব্যবসার সঙ্গে জড়িত এবং তার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় ১০টি মামলা রয়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, উদ্ধারকৃত আলামত জব্দ তালিকা মূলে জব্দ করা হয়েছে। এ ঘটনায় ধৃত আসামির বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা নম্বর-০১, তারিখ-০১/০১/২০২৬ খ্রি., ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) ধারার সারণির ২৯(ক) অনুযায়ী মামলা রুজু করা হয়েছে। পরে তাকে আদালতে সোপর্দ করা হয়।

আলমডাঙ্গায় নাশকতা মামলায় স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযানে নাশকতা মামলার আসামি স্বেচ্ছাসেবক লীগের নেতা গ্রেফতার হয়েছে। গতকাল নাগদাহ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

আলমডাঙ্গা থানার, ১০ই নভেম্বর ২০২৪ এর এফআইআরকৃত মামলা নং-১০, তদন্তে সাজাপ্রাপ্ত আসামী নাগদাহ ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের

সাধারণ সম্পাদক রাসেল জোয়ার্দার (৪৫) গ্রেফতার হয়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলা নাগদাহ গ্রামের জোয়ার্দার পাড়ার নজরুল ইসলাম জোয়ার্দ্দারের ছেলে রাসেল জোয়ার্দার।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, নাশকতা মামলায় রাসেল জোয়ার্দার কে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।